# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**13 JUNE 2026** **7:45—7:55 PM**

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসামের প্রতি থাকা অপরিসীম আগ্রহ এবং সদিচ্ছার জন্যেই রাজ্যের অভূতপূর্ব উন্নয়ন হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) শিলচর-শিলিগুড়ি সংযোগী সড়ক নির্মাণের কাজ বর্তমানে চলছে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

(৩) আগামী পয়লা জুলাই থেকে রাজ্যে বিকশিত ভারত জি রাম জি প্রকল্প রূপায়ণের জন্যে আসাম মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত/

এবং

(৪) যোরহাটের রৰৈয়ার বায়ুসেনা শিবিরে আজ সকালে বায়ুসেনার A N- 32 শ্রেণীর একটি বিমান দুর্ঘটনাগ্রস্ত/ পাঁচজন জওয়ান নিহত/

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের প্রতি থাকা অপরিসীম আগ্রহের জন্যেই অঞ্চলটির অভূতপূর্ব উন্নয়ন হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । আজ কিছুক্ষণ আগে গুয়াহাটির বাজপেয়ী ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন যে- প্রধানমন্ত্রী আসামকে সর্বদাই অগ্রাধিকার দিয়ে আসছেন । তিনি বলেন যে- বিগত বারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩৬ বার আসামে এসেছেন । পূর্বে কোনো প্রধানমন্ত্রী এতোবার আসামে আসেননি । শ্রী মোদী আসামের গামোছাকে বিশ্ববাসীর কাছে পরিচিত করেছেন বলে তিনি মন্তব্য করেন ।

#বাইট# (মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী বলেন যে- বিজেপি সরকারের সময়ে আসামের আর্থ-সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ইত্যাদি সকল ক্ষেত্রে অভাবনীয় পরিবর্তন হয়েছে । আসামকে দেশের প্রথম পাঁচটি রাজ্যের মধ্যে অর্ন্তভুক্ত করার জন্য রাজ্য সরকারের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের বিষয়েও তিনি উল্লেখ করেন ।

ডঃ শর্মা রাজ্যে রূপায়ণ হতে যাওয়া উন্নয়নমূলক প্রকল্প এবং সড়ক যোগাযোগের উন্নয়নের জন্যে গ্রহণ করতে যাওয়া বিভিন্ন পরিকল্পনার কথাও সাংবাদিক সম্মেলনে প্রকাশ করেন । তিনি শিলচর-শিলিগুড়ি সংযোগী সড়ক নির্মাণের কাজ চলছে বলে জানিয়েছেন । এছাড়া গুয়াহাটি-তিনসুকিয়ার মধ্যে এক্সপ্রেস করিডোর নির্মাণ করা হবে বলেও জানিয়েছেন । তিনি বলেন যে- বাইহাটা চারিয়ালির থেকে মিশন চারিয়ালি পর্যন্ত শীঘ্রই চারলেনযুক্ত সড়ক নির্মাণ করা হবে ।

ডঃ শর্মা একইসঙ্গে রাজ্যে দারিদ্রসীমার হার পূর্বের তুলনায় হ্রাস পেয়েছে বলেও জানিয়েছেন । এছাড়া ২০০৬ সালের তুলনায় রাজ্যে বর্তমানে প্রসূতি মৃত্যুর হারও প্রতি এক লক্ষে পূর্বের ৪৮০ থেকে কমে ৮৪ হয়েছে বলে উল্লেখ করেছেন । বাংলাদেশের সীমান্ত সম্পূর্ণরূপে বন্ধ করা সম্পর্কে সাংবাদিকদের করা এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন যে- কেবল আসামে করলেই হবে না । বাংলাদেশের সঙ্গে সংযুক্ত দেশের অন্যান্য রাজ্যের সীমান্তও সম্পূর্ণভাবে সীল করে দিলেই অবৈধ প্রব্রজনের সমস্যার সমাধান সম্ভব হবে ।

---------------------------------------------------------------------------------------

দেশের যুব প্রজন্ম বিজ্ঞান- প্রযুক্তি থেকে মহাকাশ, সেমি কণ্ডাক্টর এবং ড্রোণ সহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করতে সমর্থ হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। শ্রী মোদী সামাজিক মাধ্যমে আরো বলেছেন যে- ভারত সম্প্রতি বিশ্বের প্রথমসারির স্টার্ট-আপ কেন্দ্র সমূহের অন্যতম হিসেবে পরিগণিত হয়েছে এবং ছোট শহর থেকে শুরু করে গ্রামের যুবক-যুবতীরা এই ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। খেলাধূলার ক্ষেত্রে দেশের জন্যে গৌরব বয়ে নিয়ে আসার জন্য যুবক-যুবতীদের প্রশংসা করে শ্রী মোদী বলেন যে- ভারতীয় খেলোয়াড়রা আর্ন্তজাতিক প্রতিযোগিতাগুলিতেও দেশের মর্যাদা বৃদ্ধি করেছে । তিনি বলেন যে- স্টার্ট-আপ ইণ্ডিয়া, ডিজিট্যাল ইণ্ডিয়া, স্কিল ইণ্ডিয়া এবং অটল ইনভেনশনে’এর মতো

উদ্যোগসমূহে উদ্যমশীলতা এবং উদ্ভাবনের প্রসারের ক্ষেত্রে তারা সহায়তা করছে । শ্রী মোদী বলেন যে- বিগত বারো বছরে এন ডি এ সরকার যুব প্রজন্মের নেতৃত্বে হওয়া বিকাশের প্রতি উৎসাহ যুগিয়ে আসছে এবং এরফলে দেশের যুবক-যুবতীদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে । তারা নিজেদের স্বপ্ন বাস্তবায়িত করতে সমর্থ হয়েছে বলেও তিনি মত প্রকাশ করেছেন ।

---

'বেটি বাচাই- বেটি পড়াও' অভিযান মেয়েদের সবলীকরণ এবং তাদের আচরণের পরিবর্তনের বিষয়টি বর্তমানে দেশজোড়া বিপ্লবে পরিগণিত হয়েছে । ক্রমান্বয়ে হ্রাস পাওয়া শিশু লিঙ্গের অনুপাত এবং লিঙ্গ ভিত্তিক বৈষম্য দূর করার উদ্দেশ্যে ২০১৫ সালের জানুয়ারি মাসে আরম্ভ করা এই প্রকল্পের মাধ্যমে মেয়েদের সুরক্ষা সুনিশ্চিত করার জন্য চালানো প্রচেষ্টা সুদৃঢ় করে তোলা হয়েছে । বিগত দশকে গুরুত্বপূর্ণ লিঙ্গ সূচকের উন্নতির ক্ষেত্রে এই অভিযান গুরুত্বপূর্ণ অবদান রেখেছে বলে মহিলা ও শিশু বিকাশ মন্ত্রণালয় সূত্রে প্রকাশ করা হয়েছে । সূত্রে আরো জানানো হয়েছে যে- বিগত দশ বছরে জন্মের সময়ে লিঙ্গের অনুপাত প্রতি এক হাজার ছেলের বিপরীতে মেয়ের সংখ্যা ৯১৮ থেকে বেড়ে ৯২৯ হয়েছে । অনুরূপভাবে মাধ্যমিক পর্যায়ে মেয়েদে ভর্তির হার ৭৫ শতাংশ থেকে বেড়ে ৮০ শতাংশ হয়েছে।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আজ লোকসেবা ভবনে রাজ্য মন্ত্রীসভার এক বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে  মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে আগামী পয়লা জুলাই থেকে বিকশিত ভারত জি রাম জি প্রকল্প রুপায়ন করা হবে ।এই প্রকল্পের মাধ্যমে গ্রামীন নিয়োগ নিশ্চিত করা সহ সম্পদ সৃষ্টিতে গুরুত্ব আরোপ করা হবে ও প্রকল্পটি রুপায়ন করার জন্য চলতি বছরে দুহাজার কোটি টাকা ব্যয় করা হবে । মুখ্যমন্ত্রী বলেন যে এই প্রকল্পের অধীনে আগের ৯০ দিনের পরিবর্তে বর্তমানে ১২৫ দিনের জন্য গ্রামীন জনসাধারণের জন্য নিশ্চিত নিয়োগের সুবিধা প্রদান করা হবে ।

ড: শর্মা বলেন যে এই প্রকল্পের অধীনে প্রতিটি পঞ্চায়েত প্রায় ১ কোটি  টাকা করে লাভ করবে । তিনি আরো বলেন যে পয়লা আগষ্ট থেকে অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা নিয়মিত অর্থ পেয়ে যাবে । ড: শর্মা বলেন যে এখন থেকে  রাজ্যে ১৮ বছরের ওপর কোনো লোককে আধার কার্ড দেওয়া হবেনা বলে মন্ত্রীসভায় সিদ্ধান্ত

নেওয়া হয়েছে । ভবিষ্যতে ১৮ বছরের উর্দ্ধের ব্যাক্তিকে আধার কার্ড প্রদান করতে হলে জেলা আয়ুক্তের রাজ্য সরকারের
অনুমতি নিতে হবে বলে তিনি জানান । ড: শর্মা বলেন যে চা জনজাতি ও অনুসূচীত জাতি - জনজাতি সম্প্রদায়ের লোকেদের জন্য ছমাসের জন্য বিশেষ রেহাই দিয়ে আগামী বছড়ের ২৭ শে মার্চ পর্যন্ত আধার কার্ড প্রদানের ব্যবস্থাটি বহাল রাখা হবে ।

মুখ্যমন্ত্রী বলেন যে মন্ত্রীসভা লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরের আশেপাশে সেটেলাইট সিটি নির্মানের উদ্দেশ্যে গৌহাটী সেটেলাইট সিটি উন্নয়ন কতৃপক্ষ গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে ।গৌহাটী মহানগরের বর্তমান সীমার মধ্যে এই প্রকল্প আবদ্ধ থাকবে বলে তিনি সাংবাদিকদের বলেন । ড: শর্মা বলেন যে মন্ত্রীসভা ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক ডেপুটেশনের ক্ষেত্রে বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করেছে । ও সেই অনুযায়ী নির্দিষ্ট সময় সম্পূর্ন হোয়ার আগে ডেপুটেশনের জন্য আবেদন করলে আগে মুখ্যমন্ত্রীর একক অনুমোদনের পরিবর্তে এখন থেকে বেশ কিছু শর্তসাপেক্ষে মন্ত্রীসভা এই আবেদনসমূহ মঞ্জুর করতে পারবে । তিনি বলেন যে আগামী ৬ ই জুলাই থেকে আসাম বিধানসভার বাজেট অধিবেশন অনুষ্ঠিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । ২১ দিনের ও বেশী সময় নিয়ে অনুষ্ঠেয় এই অধিবেশনে অর্থমন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া ২০২৬-২৭ অর্থ বছরের জন্য পূর্নাংগ বাজেট দাখিল করবেন বলে মুখ্যমন্ত্রী জানান ।

------------------------------------------------------------------------------------------

যোরহাটের রৌয়ার বায়ুসেনা শিবিরে আজ সকালে বায়ুসেনার AN-32 শ্রেণীর একটি পরিবহণ বিমান দুর্ঘটনাগ্রস্ত হয়েছে । যোরহাটের ৪৩ নম্বর স্কোয়াড্রন বিমানটি নিয়মিত উড়ানের সময়ে অবতরণ করার সময় বিস্ফোরণ ঘটে এবং বিমানটিতে আগুন লেগে যায় । এই দুর্ঘটনায় বায়ুসেনা বাহিনীর পাঁচজন জওয়ান- স্কোয়াড্রন লিডার প্রশান্ত সিং, ফ্লাইট লেফটেনান্ট শুভম কুমার, সার্জেন্ট জীতেন্দ্র শর্মা, অগ্নিবীরবায়ু খেমারাম কুমাওট এবং অগ্নিবীরবায়ু ডেনিস আলম প্রাণ হারিয়েছেন । বায়ুসেনার সূত্রে জানানো হয়েছে যে- দুর্ঘটনার সঠিক কারণ নিশ্চিত করার জন্যে একটি কমিটি গঠন করা হয়েছে ।

এদিকে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন । প্রতিরক্ষা মন্ত্রী শ্রী সিং এক শোকবার্তায় কর্তব্য সম্পাদনের সময়ে শহিদ হওয়া জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন । রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সামাজিক

মাধ্যমে এক বার্তায় বলেছেন যে- দেশ এই পাঁচজন জওয়ানের সর্বোচ্চ ত্যাগের কথা সর্বদা স্মরণ রাখবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি মারুতি ওয়াগনার থেকে ২০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে । কাটলীছড়া থানার নিষ্কর এলাকায় পরিচালিত এক বিশেষ অভিযানে গতরাতে এই বিশেষ পরিমানের ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয় ।

---------------------------------------------------------------------------------

দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক আমিনুর রশিদ চৌধুরী আজ শ্রীভুমি জেলার নিলামবাজার হাসপাতাল পরিদর্শন করেন ।পরিদর্শনকালে তিনি হাসপাতালের রোগী , তাদের পরিবারবর্গ ,হাসপাতাল কতৃপক্ষের সংগে মত বিনিময় করেন এবং বিভিন্ন সমস্যা ও পরিষেবা সংক্রান্ত বিষয় সম্পর্কে খোজ খবর নেন । তিনি হাসপাতালের পার্কিং সমস্যা সহ হাসপাতালের শৃঙ্খলা ও পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য মহিলা ওয়ার্ডের নির্ধারিত শৌচাগার শুধুমাত্র মহিলাদের জন্য ব্যবহারের উপযোগী করে রাখার ওপর গুরুত্ব দেন ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের ১২ বছর পুর্তি উপলক্ষে আজ শ্রীভূমি জেলা বিজেপির উদ্যোগে শ্রীভূমি শহরে এক বিশেষ প্রদর্শনী ও অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে গত ১২ বছরে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক ও জনকল্যাণমুলক প্রকল্পের খতিয়ান তুলে ধরা হয় ।

---------------------------------------------------------------------------------

ফিফা বিশ্বকাপে আজ সকালে লস এঞ্জেলেস'এর সোফি স্টেডিয়ামে অনুষ্ঠিত গ্রুপ-ডি'র একটি খেলায় আমেরিকা যুক্তরাষ্ট্র পেরাগুয়েকে ৪-১ গোলে পরাজিত করেছে । প্রতিযোগিতায় আজ রাত সাড়ে বারোটায় গ্রুপ- বি'র একটি খেলায় কাতার সুইজারল্যান্ডের বিরুদ্ধে মাঠে নামবে । পরে ভোর সাড়ে তিনটায় গ্রুপ- সি'র একটি খেলায় ব্রাজিল ও মরক্কো পরস্পরের সম্মুখীন হবে । এছাড়া আগামীকাল সকাল সাড়ে ছ'টায় গ্রুপ-সি'র অপর এক খেলায় হাইতি স্কটল্যান্ডের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------